সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

এ.কে.এম. রফিকুল ইসলা
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম

জুলাই ১,২০১৬-জুন ৩০,২০১৭

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
১	বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	১-৩
২	উপক্রমণিকা	৪
৩	সেকশন-১ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী	৫
৪	সেকশন-২ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬-৭
৫	সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ	৮-১২
৬	সংযোজনী-১ : শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
৭	সংযোজনী -২ : কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১৪-১৫
	সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা	১৬-১৭

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Bangladesh Tourism Board)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক অর্জন (বিগত ০৩ বছরের অর্জন)

- বাংলাদেশকে একটি পরিকল্পিত পর্যটন গন্তব্য হিসেবে উন্নীত করার লক্ষ্যে জাতীয় পর্যটন পরিষদের (National Tourism Council) সিদ্ধান্তক্রমে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ।
- ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক পর্যটন উন্নয়ন এবং বৌদ্ধ ধর্মীয় প্রাচীন স্থাপনাগুলোকে পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়ন, প্রচার ও বিপণনের লক্ষ্যে জাতিসংঘ বিশ্ব পর্যটন সংস্থার **United Nation World Tourism Organization(UNWTO) সহযোগিতায় International Conference on Developing of Sustainable and Inclusive Buddhist Heritage and Pilgrimage Circuits in South Asia's Buddhist Heartland)** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন।
- গত তিন বছরে সংস্থার গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত দেশী বিদেশী মেলায় আকর্ষণীয়ভাবে অংশগ্রহণ। ফলশ্রুতিতে বাংলাদেশের ট্যুর অপারেটর এবং বিদেশী ট্যুর অপারেটরদের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সুপ্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ২০১৪ সালে দক্ষিণ কোরিয়ার সিউলে অনুষ্ঠিত Korea World Travel Fair (KOTFA) এ Best Marketing NTO হিসেবে আন্তর্জাতিক পুরস্কার অর্জন।
- পর্যটন বর্ষ-২০১৬ (Visit Bangladesh Year-2016) এর আনুষ্ঠানিক উদ্বোধন এবং পর্যটন বর্ষ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, পর্যটন বর্ষে আগত অতিথিদের জন্য প্রস্তুতি গ্রহণ, পর্যটন সেবার মানোন্নয়নে স্থানীয় টিভি, রেডিও ও ডিজিটাল মাধ্যমে পর্যটন বর্ষের প্রচার কার্যক্রম বাস্তবায়ন।
- গত তিন বছরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে মোট ৫৬ জন বিদেশী ট্যুর অপারেটর এবং মিডিয়া প্রতিনিধিদের জন্য বাংলাদেশে পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন।
- কক্সবাজারকে একটি আন্তর্জাতিক পর্যটন গন্তব্য হিসেবে প্রচার ও বিপণনের জন্য দেশের ইতিহাসে প্রথমবারের মতো **'মেগা বিচ কার্ণিভাল ডেস্টিনেশন-কক্সবাজার'** আয়োজন।
- নৌ-পর্যটন উন্নয়ন ও আন্তর্জাতিক সি-ক্রুজে বাংলাদেশকে সম্পৃক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক সমন্বয়কের ভুমিকা পালন।
- বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ICC World T20-2014 এর সময় টুর্ণামেন্টের Local Partner হিসেবে আগত বিদেশী অতিথিদের নিকট পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিশেষ কার্যক্রম বাস্তবায়ন।
- বিটিবি কর্তৃক নির্মিত Beautiful Bangladesh-Land of Stories এবং Beautiful Bangladesh-Land of Rivers শীর্ষক টেলিভিশন প্রামাণ্যচিত্র দু'টির যথাক্রমে ০৫ টি ও ০২ টি মর্যাদাজনক আন্তর্জাতিক পুরস্কার অর্জন।
- আন্তর্জাতিক পর্যায়ে সফল যোগাযোগের ফলে বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) Commission For South Asia (CSA) এবং OIC Tourism Ministers' Conference এর ভাইস-চেয়ারম্যান নির্বাচিত।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

১. ২০১০ সালে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বিটিবি প্রতিষ্ঠিত হলেও এখন জনবল নিয়োগ করা হয়নি। বাংলাদেশ পর্যটন করপোরেশন থেকে সংযুক্তির ভিত্তিতে নয় জন কর্মকর্তা ও এক জন কর্মচারী এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ থেকে সংযুক্তির ভিত্তিতে এক জন কর্মচারী বিটিবি-তে কর্মরত আছে। উল্লেখ্য, ইতোমধ্যে নিয়োগবিধি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক মন্ত্রণালয় থেকেও ছাড়পত্র দেয়া হয়েছে। বর্তমানে নিয়োগ প্রক্রিয়া চলমান, ফলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে জনবল সমস্যার সমাধান হবে।

২. পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিটিবি বেসরকারি খাতকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করে। তবে বিটিবি বা মন্ত্রণালয়ে ট্যুর অপারেটরদের কোন নিবন্ধন না থাকায় বেসরকারি খাতের বড় একটি অংশের বিটিবি বা মন্ত্রণালয়ের প্রতি আইনগত কোন দায়বদ্ধতা তৈরী হয়নি, যা বিটিবি-র কার্যক্রম সম্পাদনে একটি চ্যালেঞ্জ।

৩. বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ক্যাটাগরি ভিত্তিক পর্যটন আগমন বিষয়ক কোন তথ্য-উপাত্ত নেই। এ বিষয়ক ডাটাবেইজ তৈরী করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা যেমন- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিশেষ শাখা, বাংলাদেশ মিশন ইত্যাদির নিকট নির্ভরশীল হতে হয়। পর্যটক আগমন সংক্রান্ত ডাটাবেইজ তৈরী করার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সমন্বিত করে কার্যক্রম গ্রহণ বিটিবি-র অন্যতমএকটি চ্যালেঞ্জ।

৪. পর্যটন একটি বহুমাত্রিক শিল্প। এ শিল্পের উন্নয়ন ও ব্যবস্থাপনার সাথে বেসামরিক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ছাড়াও অন্যান্য মন্ত্রণালয় এবং সরকারি ও বেসরকারি সংস্থার সম্পৃক্ততা রয়েছে। এ সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের তাৎক্ষনিক সহযোগিতা পাওয়া বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের জন্য একটি চ্যালেঞ্জ।

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড